

২০১৯

বাংলা - সাধারণ

পেপার - GE/CC-3

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

[Only for General Candidates.]

- ১। (ক) “দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে”— কোন পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+৯
অথবা,
(খ) ‘অভিসার’ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও। ১+৯
- ২। (ক) ‘বাঁশি’ কবিতায় হরিপদ কেরানীকে দীন জীবনযাপনের গ্লানি থেকে বাঁশির সুর কীভাবে মুক্তি দিয়েছে তা নিজের ভাষায় লেখো। ১০
অথবা,
(খ) ‘আমার ভারতবর্ষ’ কবিতায় কবির স্বদেশভাবনার প্রকাশ কীভাবে ঘটেছে তা ব্যাখ্যা করো। ১০
- ৩। (ক) ‘রাজা ও রানী’ নাটক অবলম্বনে সুমিত্রা চরিত্রটির পরিচয় দাও। ১০
অথবা,
(খ) ‘রাজা ও রানী’ নাটকে কুমারসেন ও ইলার উপকহিনি কোন প্রয়োজন সিদ্ধ করেছে তা ব্যাখ্যা করো। ১০
- ৪। (ক) “পুন পুন গতাগতি করু ঘর পস্থ”— উদ্দিষ্ট ব্যক্তির এইরূপ আচরণের কারণ বিশ্লেষণ করো। ৫
অথবা,
(খ) “অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন”— বক্তার এইরূপ আক্ষেপের কারণ কী বুঝিয়ে বলো। ৫
- ৫। (ক) ‘সে ত্রুটি আমারই’— ত্রুটিটি এখানে কী তা বুঝিয়ে লেখো। ৫
অথবা,
(খ) “পঁচিশ বছর প্রতীক্ষায় আছি”— কে কার প্রতীক্ষায় ছিলেন? তার প্রতীক্ষার ফলাফল কী হয়েছিল? ২+৩

Please Turn Over

- ৬। (ক) “তোমারে যে ছেড়ে যাই সে তোমারি প্রেমে” — উক্তিটির মধ্য দিয়ে বক্তার কোন মানসিকতা প্রকাশ পেয়েছে? ৫
অথবা,
- (খ) “আমার এ জীবনের সুখ
আজি দিবসের সাথে ডুবিল পশ্চিমে!” — কার জীবনের সুখ কেন ডুবল তা বিশ্লেষণ করো। ৫
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫
- (ক) “এমন পিরীতি কভু নাহি দেখি শুনি” — পদে রাধাকৃষ্ণের প্রেম সম্পর্কের সঙ্গে কোন কোন প্রেমসম্পর্কের তুলনা করা হয়েছে?
- (খ) “সাধারণ মেয়ে” কবিতায় মেয়েটির দুর্ভাগ্যের বিষয়ে সংক্ষেপে লেখো।
- (গ) “রাজা করে পলায়ন, রাজ্য ধায় পিছে।” — অংশটির তাৎপর্য লেখো।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) “অন্ধুর তপন তাপে যদি জারব” — পদটি কার লেখা, কোন পর্যায়ের পদ?
- (খ) “মঞ্জীর চীরহি ঝাঁপি।” — ‘মঞ্জীর’ শব্দটির অর্থ কী?
- (গ) “তাতল সৈকত ঝাঁরবিন্দুসম সুত-মিত-রমণী সমাজে” — অংশটি চলিত গদ্যে লেখো।
- (ঘ) ‘অভিনব হেম কল্পতরু’ কাকে বলা হয়েছে?
- (ঙ) ছেলেটার পোষা কুকুরটা কীভাবে মারা গিয়েছিল?
- (চ) ‘প্রথম পূজা’ কবিতায় কিরাত দলপতির নাম কী ছিল?
- (ছ) ‘বাঁশি’ কবিতায় কাম্বাবুর কী বাজানোর শখ ছিল?
- (জ) “আজু হাম কি পেখলু নবদ্বীপ চন্দ” — এটি কোন পর্যায়ের পদ?
- (ঝ) গুরুমশাই কখন মানচিত্র খুলেছেন?
- (ঞ) নাদের আলি কবিকে কোন বিল দেখাতে নিয়ে যাবে বলেছিল?
- (ট) কত বছরের অভিজ্ঞতায় কবির মনে হয়েছে যে কেউ কথা রাখে না?
- (ঠ) বিক্রমদেব কোথাকার রাজা ছিলেন?
- (ড) কুমারসেনের বাগদত্তার নাম কী?
- (ঢ) নাটকের শেষে রানী সুমিত্রা রাজাকে স্বর্ণথালয় করে কী উপহার দিয়েছিলেন?
- (ণ) রেবতীর সঙ্গে শেকুপিয়রের সৃষ্ট কোন চরিত্রের মিল পাওয়া যায়?